# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৭৮

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৭. হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মেলামেশা করা

## بَاب مُبَاشَرَةِ الْحَائِضِ

### আরবী

أَخْبَرَنَا يَعْلَى بْنُ عُبَيْدٍ وَيَزِيدُ بْنُ هَارُونَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي لِحَافٍ فَوَجَدْتُ مَا تَجِدُ النِّسَاءُ فَقُمْتُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا لَكِ أَنَفِسْتِ قُلْتُ وَجَدْتُ مَا تَجِدُ النِّسَاءُ قَالَ ذَاكِ مَا كَتَبَ اللَّهُ عَلَى بَنَاتِ آدَمَ قَالَتْ فَقُمْتُ فَأَصْلَحْتُ مِنْ شَأْنِي ثُمَّ رَجَعْتُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ادْخُلِي فِي اللِّحَافِ فَدَخَلْتُ

### বাংলা

১০৭৮. আবী সালামাহ হতে বর্ণিত, উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে এক লেপের নিচে ছিলাম। এমতাবস্থায় মেয়েদের যেরূপ হয়ে থাকে (তথা হায়িয), আমিও সেটা অনুভব করলাম। ফলে আমি উঠে দাঁড়ালাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “তোমার কি হলো? তোমার কি নিফাস (তথা হায়িয) হয়েছে?” আমি বললাম, মেয়েদের যেরূপ হয়, আমিও সেরূপ অনুভব করছি (তথা আমার হায়িয হয়েছে)। তিনি বললেন: ওটি এমন জিনিস যা আল্লাহ আদম (আ:) এর কন্যা সন্তানের জন্য নির্ধারণ করেছেন। তিনি বলেন, আমি উঠে গেলাম এবং নিজের অবস্থা ঠিকঠাক করে নিয়ে তারপর ফিরে এলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “লেপের ভেতরে প্রবেশ করো।” তারপর আমি ভেতরে প্রবেশ করলাম।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আহমাদ ৬/২৯৪; ইবনু মাজাহ ৬৩৭; আমরা এর তাখরীজ পূর্ণ করেছি মুসনাদুল মাউসিলী ১২/৪২৬ এ; আরও দেখুন, পরবর্তী টীকাটি, মুসান্নাফ ইবনু আবী শাইবা ৪/২৫৪ ও মুসান্নাফ আব্দুর রাযযাক নং ১২৩৫।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন